



আত্মীয় হিসেবে আপনি কতটা পারফেক্ট

আপনি কি আত্মীয়তার সম্পর্কের দিক থেকে পারফেক্ট? আপনি কি এমন একজন যার সঙ্গে আত্মীয়স্বজন দেখা করার জন্য উনুখ হয়ে থাকে? যৌথ পরিবারে বসবাস না করলেও আপনাকে হয়তো আত্মীয়স্বজনের সঙ্গে কিছুটা সমঝোতা, কিছুটা ধৈর্য নিয়েই মানিয়ে চলতে হয়। এ ক্ষেত্রে আপনি কি পারিবারিক জীবনের ছোট ছোট বিষয়ে গুরুত্ব দিয়ে থাকেন? আপনি পরিবারের সদস্যদের সঙ্গে আন্তরিক, না কি তাদের সঙ্গে রয়েছে দূরত্ব? পরিবারের সদস্য ও আত্মীয়স্বজনের কাছে আপনার গ্রহণযোগ্যতা কেমন? আপনার প্রতি তাদের দৃষ্টিভঙ্গি কেমন? জানতে হলে এ কুইজে অংশ নিন।

১. পরিবারের সদস্যদের মধ্যে ছোটদের জন্মদিন আপনি কিভাবে পালন করেন?
ক. তাদের চিড়িয়াখানায় নিয়ে যান, খ. সিনেমা হলে ছবি দেখাতে নিয়ে যান, গ. জিজ্ঞাসা করেন তারা কি করতে/কিভাবে জন্মদিন পালন করতে পছন্দ করবে।

২. আত্মীয়স্বজনের মধ্যে যদি কারো বিবাহবার্ষিকী থাকে, আপনি-

ক. ভুলে যাওয়ার ভান করেন, খ. ইচ্ছা না থাকলেও তাদের সঙ্গে বাইরে যান এবং কোনো উপহার কিনে দেন, গ. একটি সারপ্রাইজ পার্টির আয়োজনে সাহায্য করেন।

৩. পরিবারের বয়স্ক কারো অসুস্থতায় কোনো খাবারে নিষেধাজ্ঞা থাকলে, আপনি-

ক. গোপনে তাকে তা খেতে দেন, খ. খেয়াল রাখেন যেন সে তা মেনে চলে, গ. এমন ভান করেন যেন খেয়ালই করেননি কখন সেতা খেয়েছে।

৪. পরিবারের কেউ অসুস্থ হলে আপনি-

ক. সেবার হাত বাড়িয়ে দেন, খ. সহানুভূতি জানিয়ে চিঠি তাকে লেখেন, গ. একটি ফোন কলের মাধ্যমেই খবর নেয়ার কাজটি সেরে ফেলেন।

৫. পরিবারের তরুণ কোনো সদস্যের জন্য কোনটি আদর্শ উপহার মনে করেন-

ক. একটি এনসাইক্লোপিডিয়ার সেট, খ. বাইক, গ. মাইক্রোস্কোপ, ঘ. ড্রাম।

৬. পারিবারিক কোনো বিয়ের অনুষ্ঠানে আপনি নিজেকে খুঁজে পান/আপনার অবস্থান-

ক. সবাই আপনার আগমনে খুশি হয়ে আপনাকে ঘিরে রেখেছে, খ. দাঙ্কিতা নিয়ে একাই এক কোণে, গ. পরিবারের অন্য আত্মীয়দের সঙ্গে দূরত্বের কারণে খুব বিরক্ত বোধ করতে থাকেন।

৭. যখন আপনার কোনো ভালো-মন্দ বা উত্তেজনাপূর্ণ ঘটনা ঘটে তখন আপনি-

ক. নিজের ভেতরেই ব্যাপারটি চেপে রাখেন, খ. পরিবারের মধ্যে আপনার ঘনিষ্ঠ কারো সঙ্গে এটি নিয়ে আলোচনা করেন, গ. আপনার আত্মীয়স্বজনকে ফোন করে খবরটি জানান।

৮. বিপদে পড়ে কোনো আত্মীয় টাকা ধার চাইলে, আপনি-

ক. হাতে টাকা নেই একদম এমন অজুহাত

দেখান, খ. ধার দেবার চেষ্টা করেন, গ. যদি সময়মতো ফেরত দিতে না পারে তাহলে তার কাছে লোন চেয়ে বসেন।

৯. পারিবারিক আলাপ-আলোচনার সময় মতানৈক্য দেখা দিলে-

ক. চিৎকার-চোঁচামেচি করেন, খ. শান্তভাবে মেনে নেন, গ. সবার কথার গুরুত্ব দিয়ে সমঝোতায় আসেন।

১০. কোনো বিশেষ উৎসবে আপনার পরিকল্পনা থাকে-

ক. বাড়িতেই গেট-টুগেদারের আয়োজন করা, খ. অন্য কারো বাড়িতেই আয়োজন করা হোক, গ. নিজেই হোটোলে ব্যবস্থা করবেন।

স্কোর রেটিং

নং	ক	খ	গ	ঘ
১.	১	১	০	২
২.	০	১	২	-
৩.	১	১	০	-
৪.	২	১	০	-
৫.	২	১	১	০
৬.	২	০	১	১
৭.	০	২	১	১
৮.	০	১	২	১
৯.	০	২	১	১
১০.	২	১	০	০

আপনার স্কোর অনুযায়ী জেনে নিন নিজেকে-

২৪-২০ পয়েন্ট হলে সত্যিই আত্মীয় হিসেবে আপনি পারফেক্ট। পরিবারের ছোট-বড় সব সদস্যের প্রতিই রয়েছেন আপনার আন্তরিকতা। আপনি খুবই বিবেচক, সহনশীল প্রকৃতির। কাছের মানুষগুলোর ভালো-মন্দ দিকগুলো সহজভাবে মেনে নিতে পারেন। আপনি আত্মীয়স্বজনের একজন প্রিয়ভাজনও বটে।

২০-১৩ পয়েন্ট হলে আপনি আত্মীয়স্বজনের সঙ্গে কিছুটা রিজার্ভ, কিছুটা নিজেকে গুটিয়ে রাখলেও আত্মীয়তার সম্পর্কের ক্ষেত্রে অনেক আন্তরিক এবং তাদের কাছ থেকেও তেমনই আন্তরিকতা আশা করেন। আপনি পারিবারিক জীবনে বিবেচনাশক্তির মাধ্যমে অনেককেই খুশি রাখতে পারেন।

০-১২ পয়েন্ট? ওহ! আপনি একদমই সামাজিক নন, আত্মীয়স্বজনের প্রতি কর্তব্য পালনে একেবারেই স্বার্থপরতার পরিচয় দেন। আপনি হয়তো পরিবারের অন্যান্য সদস্যদের তেমন একটা পছন্দের লোক নন। এ ক্ষেত্রে আপনাকে আরো সহনশীল ও আন্তরিক হতে হবে। অন্যের মতামত কিছুটা হলেও বিবেচনা করে দেখুন। তাহলেই আপনি হবেন সুখী এবং সার্থক একজন মানুষ।

ফ্রমানা জামান